

উড়োজাহাজের ককপিটে প্রবেশের চেষ্টায় যাত্রী গ্রেপ্তার

- A Monitor Desk Report

Date: 11 September, 2023



শিকাগো : উড়োজাহাজের ককপিটে প্রবেশের চেষ্টা করায় এক যাত্রীকে গ্রেপ্তার করেছে যুক্তরাষ্ট্রের পুলিশ। এছাড়াও উড়োজাহাজ উড্ডয়নের সময় ওই ব্যক্তি বাহিরের দরজা খোলারও চেষ্টা করেছেন বলে অভিযোগ রয়েছে।

রবিবার ১০ সেপ্টেম্বর সংবাদমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে এই তথ্য জানা যায়। এতে বলা হয়, শূক্রবার (৮ সেপ্টেম্বর) শিকাগো থেকে লস অ্যাঞ্জেলেস যাওয়ার সময় ইউনাইটেড এয়ারলাইন্সের একটি ফ্লাইটে এই ঘটনা ঘটে।

প্রতিবেদনে বলা হয়, ফ্লাইটে থাকা এক যাত্রী ফ্লাইটটি উড্ডয়নের পর বাহির হওয়ার দরজা খোলার চেষ্টা করেন। এছাড়াও তিনি ককপিটে প্রবেশ করারও চেষ্টা করেন। পরে তাকে গ্রেপ্তার করা হয়।

ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন জানায়, শূক্রবার ৮ সেপ্টেম্বর ইউনাইটেড এয়ারলাইন্সের ফ্লাইটটি শিকাগো ও'হারে আন্তর্জাতিক বিমানবন্দর থেকে স্থানীয় সময় সকাল ৯টায় লস এঞ্জেলেস আন্তর্জাতিক বিমানবন্দরে রওনা হওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছিল।

আরও পড়ুন: [উড়োজাহাজে সেলফোন এয়ারপ্লেন মোডে রাখার কারণ](#)

ফ্লাইটটি রওয়ানা হওয়ার পর পর একজন যাত্রী তার আসন থেকে উঠে ফ্লাইটের ডেক এবং বাহিরের দরজা খোলার চেষ্টা করেন। তিনি ককপিটে ঢোকারও চেষ্টা করেছিলেন কিন্তু তার চেষ্টা ব্যর্থ হয়। ফ্লাইটটিকে অবশেষে আগের স্থানে ফিরে যেতে হয়, আর সেখান থেকে ওই যাত্রীকে গ্রেপ্তার করে স্থানীয় পুলিশ কর্মকর্তা।

